**ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড**
DHAKA POWER DISTRIBUTION COMPANY LIMITED
(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh )
Web-site: www.dpdc.org.bd

দপ্তর
নির্বাহী পরিচালক (অপারেশন)
বিদ্যুৎ ভবন (৩য় তলা)
১ নংঅব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
ফোনঃ০২-২২৩৩৮৩৪০৭
E-mail: edo@dpdc.org.bd

স্মারক নং-৮৭.২০১.৪২৪.০০.০০.০০৬.২০১৯.৬৬ তারিখ: ৩১/১০/২০২১ ইং।

**বিষয়ঃ ডিপিডিসি'র এপিএ টিমের ২য় সভার কার্যবিবরণী।**

সভাপতি জনাব আবদুর রউফ খান, নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি।
সভার তারিখ ২৮/০১০/২০২১ খ্রি.
সভার সময় ০৪.০০ টায়
স্থান Zoom System এর মাধ্যমে।
উপস্থিতি সভায় নির্বাহী পরিচালক (প্রকৌশল), নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), প্রধান প্রকৌশলী, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল/উন্নয়ন), মহাব্যবস্থাপক (এইচআর/অর্থ/ আইসিটি, এনার্জি ও মিটারিং), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (টিএন্ডডি, চুক্তি ও ক্রয়, মিটারিং, গ্রিড, ট্যারিফ এন্ড এনার্জি), প্রকল্প পরিচালক (জিআইএস), উপ-মহাব্যবস্থাপক, এইচ.আর (রেগুলেটরি অ্যাফেয়ার্স/পাবলিক রিলেশন), ব্যবস্থাপক (আইসিটি) এবং সকল সদস্য, ফিডার অটোমেশন কমিটি উপস্থিত ছিলেন।

আলোচ্যসূচি: ১) ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রথম ত্রৈমাসিক অর্জন পর্যালোচনা।
২) ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জণে ডিপিডিসি'র বিভিন্ন দপ্তরের মধ্যে দায়িত্ব বণ্টন।
৩) এপিএ সংশ্লিষ্ট ৫ (পাঁচ) টি উপ-কমিটির অর্জন মূল্যায়ন।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী অগ্রসর হওয়ার জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ মূল টিম-কে আহবান জানান। সভাপতি মহোদয়ের অনুমোদনক্রমে ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ মূল টিম ১ নং আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন।

**আলোচ্যসূচি: ১) ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রথম ত্রৈমাসিক অর্জন পর্যালোচনা।**

**আলোচনা:**
ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ মূল টিম সভাকে অবহিত করেন যে, ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র প্রথম ত্রৈমাসিক অর্জন প্রমাণকসহ গত ০৫ অক্টোবর, ২০২১ খ্রি' তারিখে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং নির্ধারিত সময় অর্থাৎ ১৪ অক্টোবর, ২০২১ খ্রি. তারিখে এপিএমএস সফটওয়্যারে দাখিল করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র লক্ষ্যমাত্রা এবং প্রথম ত্রৈমাসিক অর্জন নিম্নে উপস্থাপন করা হলো:

| প্রথম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২১) | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| কর্ম সম্পাদন সূচক | গণনা পদ্ধতি | পরিমাপের একক | লক্ষ্যমাত্রা | অর্জন (জুলাই '২১) | অর্জন (আগষ্ট '২১) | অর্জন (সেপ্টেম্বর '২১) | অর্জন (জুলাই-সেপ্টেম্বর '২১) |
| [১.১.১] বকেয়া হ্রাস | ক্রমপুঞ্জিভূত | সমমাস | ১.৮৫ | ১.৫৪ | ১.৬৪ | - | ১.৬৪ |
| [১.১.২] কালেকশন বিল রেশিও | ক্রমপুঞ্জিভূত | % | ৯৮.৫৫ | ৯৪.৭৩ | ৯০.০৩ | | ৯২.১৮ |
| [১.১.৩] দেনা পরিশোধ | ক্রমপুঞ্জিভূত | মাস | ২ | ১ | ১ | ১ | ১ |
| [১.১.৪] সরকারের নিকট ডিএসএল পরিশোধ | সমষ্টি | কোটি টাকা | চলতি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| [১.১.৫] কারেন্ট রেশিও | ক্রমপুঞ্জিভূত | রেশিও | ১.৯০:১ | - | - | - | ১.৯৫ |
| [১.১.৬] কুইক রেশিও | ক্রমপুঞ্জিভূত | রেশিও | ১.৬৫:১ | - | - | - | ১.৮৫ |
| [১.১.৭] ডেব্ট সার্ভিস কাভারেজ রেশিও | ক্রমপুঞ্জিভূত | রেশিও | ১.৬:১ | - | - | - | ১.৬৫ |
| [১.২.১] ই জিপি টেন্ডারিং | ক্রমপুঞ্জিভূত | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| [১.২.২] প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ৫০ | ০.৪৬ | ১.৮১ | ১.৪২ | ৩.৬৯ |
| [১.২.৩] এপিএ বিষয়ে প্রশিক্ষণ | সমষ্টি | সমষ্টি | ৫ | ০ | ০ | ০ | ০ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| [২.১.১] নতুন বিদ্যুৎ সংযোগ | সমষ্টি | সংখ্যা | ৪০০০০ | ৭০৩৫ | ৭১৮৮ | ৮৫৪১ | ২২৭৬৪ |
| [২.২.১] ওভার লোডেড ট্রান্সফরমার | ক্রমপুঞ্জিভূত | % | ০.১৮ | ০.০৩৮ | ০.০১৫ | ০.০০ | ০.০০ |
| [২.৩.১] আউটসোর্সিং এর মাধ্যমে বিল বিতরণ | ক্রমপুঞ্জিভূত | এনওসিএস এর সংখ্যা | ১২ | ১৪ | ১৪ | ১৪ | ১৪ |
| [২.৩.২] সকল উপকেন্দ্র জি আই এস ম্যাপিং | সমষ্টি | % | ১০০ | ০ | | | ৪.৫৪ |
| [২.৩.৩] ৩৩ কেভি লাইনের জি আই এস ম্যাপিং | সমষ্টি | % | ১০০ | ০ | | | ০.০০ |
| [২.৩.৪] ১১ কেভি লাইনের জি আই এস ম্যাপিং | সমষ্টি | % | ১০০ | ০ | | | ৭.০০ |
| [৩.১.১] বিতরণ লাইন | সমষ্টি | কি.মি | ৭০ | ৯.০ | ১০.৪ | ৪.১ | ২৩.৫ |
| [৩.২.১] উপকেন্দ্রের ক্ষমতা | সমষ্টি | এমভিএ | ৫৫০ | ৩৪৫ | ০ | ০ | ৩৪৫ |
| [৩.৩.১] সিস্টেম লস | ক্রমপুঞ্জিভূত | % | ৭.১৫ | ৬.৯৭ | ৭.২০ | - | ৭.১০ |
| [৩.৪.১] নেট মিটার স্থাপন | সমষ্টি | সংখ্যা | ৫০ | ৫ | ৪ | ৪ | ১৩ |
| [৪.১.১] ১১ কেভি ফিডার অটোমেশনে উন্নীতকরণ (দুই বছর) | ক্রমপুঞ্জিভূত | % | ৩৩ | ০ | ০ | ০ | ১৮ |
| ৪.১.২] SAIDI | সমষ্টি | মিনিট | ৭০০ | ৩৮.৭৫২ | ৪৪.৪৯৪ | ৪৫.৬৮৮ | ১২৮.৯৩৪ |
| [৪.১.৩] SAIFI | সমষ্টি | বার/সংখ্যা | ৭০ | ২.৯০০ | ৪.০১৫ | ৪.১৪৯ | ১১.০৬৪ |
| [৪.২.১] বিলিং পয়েন্টে পাওয়ার ফ্যাক্টর | ক্রমপুঞ্জিভূত | % | ৯০ | ৯৩ | ৯৩ | ৯৩ | ৯৩ |
| [৪.৩.১] ই আর পি বাস্তবায়ন (৪ টি মডিউল) | ক্রমপুঞ্জিভূত | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |

উপস্থিত সদস্যগণ প্রথম ত্রৈমাসিক অর্জনে সন্তোষ প্রকাশ করেন। সভাপতি মহোদয় ১১ কেভি ফিডার অটোমেশনের অগ্রগতির বিষয়ে জানতে চান। এ পর্যায়ে ফিডার অটোমেশন কমিটির অহবায়ক জনাব তপন কুমার মন্ডল সভাকে জানান যে, আগস্ট ২০২১ অনুযায়ী ডিপিডিসি'র মোট ফিডারের সংখ্যা ৭৩২টি। ২০২০-২১ অর্থবছরে মোট ১৩৪টি ফিডার অটোমেশন করা হয়েছে। অবশিষ্ট ১০৮টি ফিডার অটোমেশনের কাজ চলমান আছে। চলতি অর্থবছরে ফিডার অটোমেশনের লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে তিনি সভাকে আশ্বস্ত করেন।

সভায় কারেন্ট রেশিও, কুইক রেশিও, ডেব্ট সার্ভিস কাভারেজ রেশিও এর প্রথম ত্রৈমাসিক অর্জন নিয়ে আলোচনা হয়। এ পর্যায়ে মহাব্যবস্থাপক (অর্থ) সভাকে অবহিত করেন যে, ২০২১-২২ অর্থবছরে জিটুজি প্রজেক্টের Interest Accrue হচ্ছে। অপরপক্ষে, চলতি সম্পদ সে তুলনায় বৃদ্ধি না পাওয়ায় বর্ণিত রেশিওগুলি অর্জন করা কষ্টসাধ্য হবে। তিনি উক্ত রেশিওগুলোর লক্ষ্যমাত্রা সংশোধনের প্রস্তাব করেন। সভাপতি মহোদয় এ বিষয়ে এপিএ মূল টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে (এপিএ)বর্ণিত রেশিওগুলির যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, নির্বাহী পরিচালক (অর্থ) ও মহাব্যবস্থাপক (অর্থ) এর মধ্যে সম্পাদিত চুক্তিতে বর্ণিত রেশিওগুলির লক্ষ্যমাত্রা একই নির্ধারণ করা হয়েছে। এছাড়াও, প্রতি বছর চুক্তি স্বাক্ষরের পর পরবর্তী সেপ্টেম্বর মাসের মধ্যে লক্ষ্যমাত্রা সংশোধনের সুযোগ থাকে। মহাব্যবস্থাপক (অর্থ) এর দপ্তর হতে কোনো সংশোধনের প্রস্তাব না পাওয়ায় এ বিষয়ে কোনো কার্যক্রম গ্রহণ করা যায় নি। বর্তমানে এ সংশোধন করা সম্ভব নয়। পরিশেষে সভাপতি মহোদয় লক্ষ্যমাত্রা অর্জনে মহাব্যবস্থাপক (অর্থ)-কে আরও সচেষ্ট হওয়ার আহবান জানান।

অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত সকলে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**সিদ্ধান্ত:**

**০১. এপিএর সকল লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে আরও সচেষ্ট হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।**

**আলোচ্যসূচি: ২) ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জণে ডিপিডিসি'র বিভিন্ন দপ্তরের মধ্যে দায়িত্ব বণ্টন।**

**আলোচনা:**

সভাপতি মহোদয়ের অনুমোদনক্রমে ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ মূল টিম সভাকে অবহিত করেন যে, ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র লক্ষ্যমাত্রা অর্জনকল্পে নিম্নোক্তভাবে দায়িত্ব বণ্টন করা যেতে পারে:

# ছক-ক

| ক্র. নং | কর্মসম্পাদন সূচক | একক | সূচকের মান | লক্ষ্য মাত্রা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ০১. | [১.১.১] বকেয়া হ্রাস | সমমাস | ৪ | ১.৮৫ | প্রতি তিন মাস অন্তর প্রতিটি জোনের আওতাধীন এনওসিএস দপ্তরের বিদ্যুৎ আমদানি, বিক্রয়, বিলকৃত অর্থ, আদায়কৃত অর্থ, বকেয়া ও নতুন আবাসিক সংযোগ নিশ্চিত করে ক্রমিক নং-০১ এ বর্নিত লক্ষ্যমাত্রা ও অর্জন প্রত্যয়ন করবেন। এ বিষয়ে জিএম (আইসিটি) প্রয়োজনীয় তথ্য সরবরাহ করবেন। | ০১. প্রধান প্রকৌশলী, এনওসিএস (উত্তর, সেন্ট্রাল ও দক্ষিণ)<br>০২. জিএম (আইসিটি) |
| | [১.১.২] কালেকশন বিল রেশিও বৃদ্ধিকৃত | % | ৪ | ৯৮.৫৫ | | |
| | [২.১.১] নতুন আবাসিক সংযোগ প্রদানকৃত | সংখ্যা | ৩ | ৪০০০০ | | |
| | [৩.৩.১] বিতরণ সিস্টেম লস হ্রাসকৃত | % | ৭ | ৭.১৫ | | |
| ০২. | [২.২.১] ওভারলোড ট্রান্সফর্মারের শতকরা হার হ্রাসকৃত | % | ৩ | ০.১৮ | নিয়মিতভাবে ট্রান্সফরমারের লোড ব্যালেন্সিং এর মাধ্যমে ওভারলোড হ্রাস করতে হবে এবং লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে।<br>প্রকল্প দপ্তরের মাধ্যমে O/L এর বিপরীতে XFR বসানো।<br>প্রতিটি জোনের আওতাধীন এনওসিএস দপ্তরের সাইডি ও সাইফি নিয়ন্ত্রনে সর্বোচ্চ ব্যবস্থা গ্রহণ করবেন এবং প্রতি তিন মাস অন্তর ক্রমিক নং-০২ এ বর্নিত লক্ষ্যমাত্রা ও অর্জন প্রত্যয়ন করবেন। প্রাপ্ত তথ্যাদি নির্বাহী প্রকৌশলী, নির্বাহী পরিচালক (প্রকৌশল) এর দপ্তর তা সংকলন করবেন। | ০১. প্রধান প্রকৌশলী, এনওসিএস (উত্তর, সেন্ট্রাল ও দক্ষিণ)<br>০২.প্রধান প্রকৌশলী, উন্নয়ন<br>০৩. নির্বাহী প্রকৌশলী, নির্বাহী পরিচালক (প্রকৌশল) এর দপ্তর |
| | [৪.১.২] সাইডি | মিনিট | ১ | ১২০০ | | |
| | [৪.১.৩] সাইফি | সংখ্যা/ বার | ১ | ১০০ | | |
| ০৩. | [৪.১.১] ১১ কেভি ফিডারে সাইডি (SAIDI) পরিমাপে স্বয়ংক্রীয় ব্যবস্থায় উন্নীতকরণ | % | ৩ | ৩৩ | অবশিষ্ট ১০৮টি ফিডার অটোমেশনের কাজ চলতি অর্থবছরে সমাপ্ত করতে হবে এবং প্রতি তিন মাস অন্তর ক্রমিক নং-০৩ এ বর্নিত তথ্য বিস্তারিতভাবে উল্লেখপূর্বক লক্ষ্যমাত্রা ও অর্জন প্রত্যয়ন করবেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গ্রীড (সাউথ), ডিপিডিসি ও উক্ত কমিটির সকল সদস্য। |
| ০৪. | [১.১.৩] দেনা পরিশোধ (বিপিডিবি ও পিজিসিবি) | মাস | ৩ | ২.০০ | ১.১.৫, ১.১.৬ ও ১.১.৭ এ বর্ণিত রেশিওগুলি অর্জনে সচেষ্ট হতে হবে। এছাড়াও বিপিডিবি ও পিজিসিবি-এর চলতি বিল নির্দিষ্ট সময়ের মধ্যে পরিশোধ করতে হবে এবং ডিসেম্বর ২০২১ এর মধ্যে অবশ্যই আংশিক ডিএসএল প্রদান করতে হবে। | ০১. মহাব্যবস্থাপক (অর্থ), ডিপিডিসি;<br>০২. উপ-মহাব্যবস্থাপক (অর্থ), সেন্ট্রাল পেমেন্ট, লোন এন্ড প্রজেক্ট একাউন্টিং |
| | [১.১.৪] সরকারকে ডিএসএল প্রদান | কোটি টাকা | ৩ | চলতি | | |
| | [১.১.৫] কারেন্ট রেশিও | রেশিও | ২ | ১.৯০ | | |
| | [১.১.৬] কুইক রেশিও | রেশিও | ২ | ১.৬৫ | | |
| | [১.১.৭] ডেব্ট সার্ভিস কাভারেজ রেশিও | রেশিও | ২ | ১.৬০ | | |
| ০৫. | [৩.১.১] বিতরণ লাইন সম্প্রসারণকৃত | কিঃ মিঃ | ৪ | ৭০ | প্রতি তিন মাস অন্তর ক্রমিক নং-০৫ এ বর্নিত তথ্য বিস্তারিতভাবে উল্লেখপূর্বক লক্ষ্যমাত্রা ও অর্জন প্রত্যয়ন করবেন। | প্রধান প্রকৌশলী (উন্নয়ন), ডিপিডিসি |
| | [৩.২.১] বিতরণ উপকেন্দ্রের ক্ষমতা সংযোজিত | এমভিএ | ৪ | ৫৫০ | | |
| ০৬. | [১.২.২] প্রত্যেক এমপ্লয়ীর জন্য প্রশিক্ষণ প্রদান | জনঘন্টা | ১ | ৫০ | মোট প্রশিক্ষণ লক্ষ্যমাত্রাকে ত্রৈমাসিক ভিত্তিতে বিভাজনপূর্বক লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রশিক্ষণ ও উন্নয়ন, ডিপিডিসি |
| | [১.২.৩] এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ প্রদান | জনঘন্টা | ১ | ৫ | | |
| ০৭. | [২.৩.২] সকল উপকেন্দ্রের জিআইএস ম্যাপিং | % | ৩ | ১০০ | ক্রমিক নং-০৭ এ বর্নিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে।<br>প্রতি তিন মাস অন্তর ক্রমিক নং-০৭ এ বর্নিত তথ্য ও চিত্র বিস্তারিতভাবে উল্লেখপূর্বক লক্ষ্যমাত্রা ও অর্জন প্রত্যয়ন করতে হবে। | প্রকল্প পরিচালক, জিআইএস প্রকল্প, ডিপিডিসি |
| | [২.৩.৩] সকল ৩৩ কেভি লাইনের জিআইএস ম্যাপিং | % | ৩ | ১০০ | | |
| | [২.৩.৪] সকল ১১ কেভি লাইনের জিআইএস ম্যাপিং | % | ৩ | ১০০ | | |
| ০৮. | [১.২.১] ই-জিপি টেন্ডারিং (১০০ কোটির | % | ৩ | ১০০ | ক্রমিক নং-০৮ এ বর্নিত লক্ষ্যমাত্রা | ০১. প্রধান প্রকৌশলী |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | নিচে সকল স্থানীয় টেন্ডার) যেটা প্রযোজ্য | | | | অর্জনে সচেষ্ট হতে হবে। | (ক্রয়), ডিপিডিসি; |
| | [২.৩.১] আউটসোর্সিং এর মাধ্যমে বিদ্যুৎ বিল বিতরণকৃত | এনওসি এস এর সংখ্যা | ৩ | ১২ | প্রতি তিন মাস অন্তর ক্রমিক নং-০৮ এ বর্নিত তথ্য ও প্রমাণকসহ লক্ষ্যমাত্রা ও অর্জন প্রত্যয়ন করতে হবে। | ০২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চুক্তি ও ক্রয়), ডিপিডিসি। |
| ০৯. | [৩.৪.১] নেট মিটারিং সিস্টেম স্থাপনকৃত | সংখ্যা | ২ | ৫০ | ক্রমিক নং-০৯ এ বর্নিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে এবং প্রতি তিন মাস অন্তর তথ্য ও প্রমাণকসহ লক্ষ্যমাত্রা ও অর্জন প্রত্যয়ন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মিটারিং, ডিপিডিসি |
| ১০. | [৪.২.১] প্রতি বিলিং পয়েন্টে পাওয়ার ফ্যাক্টর | % | ১ | ৯০ | ক্রমিক নং-১০ এ বর্নিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে এবং প্রতি তিন মাস অন্তর তথ্য ও প্রমাণকসহ লক্ষ্যমাত্রা ও অর্জন প্রত্যয়ন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ট্যারিফ অ্যান্ড এনার্জি অডিট, ডিপিডিসি |
| ১১. | [৪.৩.১] ই আর পি বাস্তবায়ন ( ৪ টি মডিউল ) | % | ৪ | ১০০ | ক্রমিক নং-১১ এ বর্নিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে এবং প্রতি তিন মাস অন্তর তথ্য ও প্রমাণকসহ লক্ষ্যমাত্রা ও অর্জন প্রত্যয়ন করতে হবে। | মহাব্যবস্থাপক (আইসিটি, এনার্জি ও মিটারিং), ডিপিডিসি |

সভায় সভাপতি অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনে সকলকে সচেষ্ট থাকার জন্য আহবান জানান। এছাড়াও প্রতি ত্রৈমাসিক পরবর্তী ৪ (চার) তারিখের মধ্যে প্রমাণকসহ তথ্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের অনুরোধ জানান। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত সকলে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেন।

**সিদ্ধান্ত:**

১. সভায় ছক-ক তে অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে।
২. প্রতি ত্রৈমাসিক পরবর্তী ৪ (চার) তারিখের মধ্যে প্রমাণকসহ তথ্য প্রেরণ করতে হবে।

**আলোচ্যসূচি: ৩)** এপিএ সংশ্লিষ্ট ৫ (পাঁচ) টি উপ-কমিটির অর্জন মূল্যায়ন।

ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ মূল টিম সভাকে অবহিত করেন যে, বিদ্যুৎ বিভাগের নির্দেশনা অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র সকল সূচক যথাযথভাবে অর্জনের নিমিত্ত ৫ (পাঁচ) টি উপ-কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি হতে প্রাপ্ত তথ্য এপিএমএস সফ্টওয়্যারে দাখিল করা হয়েছে। এ পর্যায়ে সভাপতি উপস্থিত কমিটির আহবায়ক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে বলেন যে, দ্বিতীয় ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে সচেষ্ট হতে হবে এবং প্রতি ত্রৈমাসিক অন্তে অর্জন মূল্যায়নপূর্বক প্রত্যয়ন করতে হবে।

**সিদ্ধান্ত:**

১. ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অর্জনে সকল উপ-কমিটির সদস্যকে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।
২. প্রতি ত্রৈমাসিক পরবর্তী ৪ (চার) তারিখের মধ্যে প্রমাণকসহ মূল্যায়ন প্রতিবেদন সকল সদস্যের স্বাক্ষরপূর্বক প্রেরণ করতে হবে।

পরিশেষে সভার আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আবদুর রউফ খান)
নির্বাহী পরিচালক (অপারেশন),
ও
টিম লিডার, এপিএ মূল টিম, ডিপিডিসি।